১২ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৭ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ	জনাব মোঃ আব্দুল মান্নান খান চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
তারিখ	ঃ	১২/০৪/২০২২ খ্রিস্টাব্দ।
সময়	ঃ	বেলা ১১.৩০ মিনিট
সভাস্থল	ঃ	উপজেলা পরিষদ সভাকক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্যকার সভা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী ও সভাপতি উপজেলা মাসিক/উন্নয়ন সমন্বয় বিষয়ক কমিটি কুমারখালী, কুষ্টিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত ২২ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৩৬তম সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগীয় ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :-

অনুঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**স্বাস্থ্য বিভাগ** সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান উপজেলা পরিষদের অর্থায়নে ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ করা হয়েছে। সেন্ট্রাল অক্সিজেন প্ল্যান্ট পরীক্ষামূলক কার্যক্রম চালুর পর দেখা যাচ্ছে প্ল্যান্টে গ্যাস সংরক্ষণ থাকছেনা। তিনি জানান রুটিন কাজের বাহিরে জন্ম নিবন্ধন সংক্রান্ত কাজ করতে হয়। ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসে শিশুদের টিকা প্রদানের জন্য রেজিষ্ট্রেশন করা হয়। উক্ত রেজিষ্ট্রেশন ইউনিয়ন অনুযায়ি তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বরাবর প্রেরণ করা হয়। মার্চ/২২ মাসে ৫৩৬ জন শিশুর টিকা রেজিষ্ট্রেশন করা হয়েছে। টিকা রেজিষ্ট্রেশন অনুযায়ি জন্ম নিবন্ধন সনদ প্রদান করার জন্য অনুরোধ করেন। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ২য় ডোজ এর টিকা এপ্রিল/২২ মাসের মধ্যে ৭০% শতাংশ শেষ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-র কর্মকর্তা/কর্মচারী কমপ্লেক্স এর বাসা বরাদ্দ গ্রহণ করলেও আবাসিক প্রকৌশলী বিদ্যুৎ লাইন সংযোগ প্রদান করছেন না। যদুবয়রা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃ নির্মাণ করার জন্য ০২/০৩/২০ খ্রি. তারিখে সাইড প্রদানের নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক উক্ত কেন্দ্র পুনঃ নির্মাণ করার জন্য সাইড প্রদান করা হয়। কিন্তু উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক যদুবয়রা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর দায়িত্ব গ্রহণ করেছেন। ৪২তম বিসিএস-এ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীতে ০৭ জন ডাঃ যোগদান করেছেন। ৩১/০৩/২২ তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৪র্থ বারের মত হেলথ মিনিষ্টার এ্যাওয়ার্ড পুরুস্কার গ্রহণ করেছেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন অন্য দপ্তরের ভবনের দায়িত্ব গ্রহণ অনুচিত এ ধরনের কাজ থেকে অধিকতর সর্তক হওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৪র্থ বারের মত	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপিত সেন্ট্রাল অক্সিজেন প্ল্যান্ট নিবিড় তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। স্বাস্থ্য কমপ্লেক্স এর মালিকানাধীন বাসায় দ্রুত বিদ্যুৎ লাইন সংযোগ প্রদান করার জন্য আবাসিক প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী ও আবাসিক প্রকৌশলী কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

	হেলথ মিনিষ্টার এ্যাওয়ার্ড পুরুস্কার গ্রহণ করায় অভিনন্দন জানান।		
০২	**কুমারখালী পৌরসভা** সভায় প্যানেল মেয়র কুমারখালী পৌরসভা জানান আবাসিক প্রকৌশলী কুমারখালী কর্তৃক প্রতিমাসে মনগড়া ভাবে কুমারখালী পৌরসভার অনুকূলে ৫-৬ লক্ষ টাকা বিদ্যুৎ বিল প্রদান করেছেন। এভাবে ১ কোটি টাকার অধিক বিদ্যুৎ বিল বকেয়া হয়। গত তিন মাস আগে ০৭ টি প্রিপেইড মিটার পরিবর্তন করার ফলে বর্তমানে প্রতি মাসে সর্বমোট ৭৫,০০০-৮০,০০০/- টাকা বিদ্যুৎ বিল প্রদান করা হচ্ছে। অথচ আগের তুলনায় বর্তমানে বিদ্যুৎ ইউনিট এর মূল্য বেশি এবং বিদ্যুৎ ব্যবহার ও অনেক বেশি হচ্ছে। তাদের মনগড়া বিলের কারনে কুমারখালী পৌরসভা আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন। সেজন্য এই সমস্যা সমাধান করার জন্য আবাসিক প্রকৌশলী কুমারখালীকে অনুরোধ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আবাসিক প্রকৌশলী কর্তৃক মনগড়া বিদ্যুৎ বিল প্রদান করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়। এবং ২০০৭ সালের আগে লেজার বকেয়া বকেয়া বিল নিস্পত্তি করার জন্য অনুরোধ করা হয়।	আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।
০৩	**মৎস্য বিভাগ** সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
০৪	**প্রাণিসম্পদ বিভাগ** সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান মার্চ/২২ মাসে ২,৪৪৫ টি গবাদিপশু ও ১২,৭৮০ টি হাঁসমুরগি চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ৩,৮৫৬ টি গবাদিপশু ও ৬৩,১০০ টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে। গাভী ও বকনা ২,১২৩ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়া টিকাবীজ বিক্রয় বাবদ রাজস্ব আদায় হয়েছে- ১৫,২৭০/- টাকা, কৃত্রিম প্রজনন ফি- ৬৪,২০০/- টাকা মোট রাজস্ব আদায় হয়েছে- ৭৯,৪৭০/- টাকা। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী।
০৫	**কৃষি বিভাগ** সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান এই বছর কুমারখালী উপজেলায় ৫০০০ হেক্টর জমিতে পিঁয়াজ উৎপাদন করা হয়েছে। কৃষি প্রণোদনা এর আওতায় ২৬১০ জন প্রান্তিক কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ করা হবে। সার ও বীজ প্রদানের জন্য প্রকৃত প্রান্তিক চাষীদের তালিকা করার লক্ষে উপসহকারী কৃষি কর্মকর্তাকে সহযোগীতা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সার ও বীজ প্রদানের জন্য প্রকৃত প্রান্তিক চাষীদের তালিকা প্রদানের লক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ উপসহকারী কৃষি কর্মকর্তাদের সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল) ও উপসহকারী কৃষি কর্মকর্তা কুমারখালী কুষ্টিয়া
০৬	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ** সভায় উপজেলা প্রকৌশলী কুমারখালী জানান, উপজেলা পরিষদের এডিপির প্রকল্প দরপত্র আহবান করা হয়েছে, রাজস্ব উদ্বৃত্ত এডিপির দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ করা হয়েছে। উপজেলার সামনে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন কাজ শেষ হয়েছে। গড়াই নদীর উপর ৬৫০ মিটার নির্মাণাধীন ব্রীজটির কনস্ট্রাকসন	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গড়ের মাঠ ব্রীজ এর কাজ দ্রুত সম্পাদন করার জন্য অনুরোধ করা হয় এবং পান্টি বাজার সংলগ্ন ব্রীজটির ডাইভার্সন রাস্তাটি উন্নয়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ	উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।

	কাজ আগষ্ট/২২ মাসের মধ্যে সম্পাদন করা হবে। দ্রুত ব্রীজ এর এ্যাপ্রোচ রোড নির্মাণ কাজ শুরু করা হবে। বর্তমানে বেশ কিছু রাস্তা রক্ষাবেক্ষণ কাজ চলমান আছে। এডিপি প্রকল্পের কাজ শুরু করা হবে। সেজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রকল্প পরিদর্শন পূর্বক প্রকল্পের গুণগত মানের মতামত প্রদান করার অনুরোধ করেন। পান্টি বাজারের পাশে ডাকুয়া নদীর উপর ব্রীজ নির্মাণ করার জন্য লে-আউট প্রদান করা হয়েছে। চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ জানান জনসাধারনের চলাচলের জন্য নিম্নমানের রাস্তা তৈরী করা হয়েছে। সেজন্য প্রতিদিনই দূর্ঘটনা ঘটছে। উপজেলা প্রকৌশলী বলেন উক্ত রাস্তা ইত্যেমধ্যে পরিদর্শন করা হয়েছে। রাস্তাটির মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী জানান, গড়ের মাঠ ব্রীজটিতে প্রতিদিন ৪/৫ জন লেবার কাজ করেন। কাজের অগ্রগতি অত্যন্ত ধীরগতি। উপজেলা প্রকৌশলী বলেন গড়ের মাঠ ব্রীজটির কনষ্ট্রাকসন কাজ জুন/২২ মাসের মধ্যে শেষ করা হবে।	করা হয়। এছাড়া চলতি অর্থ বছরে এডিপির কাজের গুণগত মান নিশ্চিতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	
০৭	**আইন শৃঙ্খলা** সভায় অফিসার ইনচার্জ (তদন্ত) কুমারখালী থানা জানান বর্তমানে কুমারখালী উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে আছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ কুমারখালী থানা ।
০৮	**মাধ্যমিক শিক্ষা বিভাগ** সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০৯	**উপজেলা শিক্ষা বিভাগ** সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১০	**সমবায় বিভাগ** সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান হিজলাকর-১ আশ্রয়ণ-২ বহুমুখী সমবায় সমিতি লি: ও সদরপুর-বড়ু রিয়া খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি(পাবসস) লি: নামে ০২(দুটি) প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। হাবাসপুর আশ্রায়ণ (ফেইজ-২) প্রকল্পের বসবাসকারী ০৫ জন সুবিধাভোগীর মাঝে ৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ১০ টি আশ্রায়ণ প্রকল্পের ঋণ প্রাপ্তি ৫৩.২০ লক্ষ টাকা, (ঘূর্ণায়ন মানসহ) ১০৪.০২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলে সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া ।
১১	**পরিবার পরিকল্পনা বিভাগ** সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান মার্চ/২২ মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনামূল্যে স্বাভাবিক ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ১০ জন, বয়ঃসন্ধিকালীন/প্রজনন স্বাস্থ্য সেবা-৩৭৭৬ জন, পুষ্টি সেবা চলমান-৩৭৯০ জন, সিএসবিএ কর্তৃক বিনামূল্যে স্বাভাবিক ডেলিভারী সেবা-০৫ জন। মোট গর্ভবতীর	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী; কুষ্টিয়া।

CamScanner

	সংখ্যা- ২০৪৩ জন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।		
১২	**ত্রাণ শাখা** সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১৩	**সমাজসেবা বিভাগ** সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান উপজেলার অভ্যন্তরে বিভিন্ন জায়গায় ছড়ানো ছিটানো ময়লা আর্বজনা আছে। সেজন্য ইত্যেমধ্যে আনেকের বাসাই পোকা মাকড় প্রবেশ করছে। ময়লা আর্বজনা পরিস্কার করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষণ করেন। তিনি আরও জানান উপজেলা পরিষদের আবাসিক একটি সংরক্ষিত এলাকা, এখানে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ। উপজেলা পরিষদের বাসাবাড়িতে এই উপজেলায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ বরাদ্দ স্বাপেক্ষে বসবাস করার কথা থাকলেও কিছু সংখ্যক বাসায় বহিরাগত বসবাস করছেন। এতে উপজেলায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা উপজেলা পরিষদের বাসায় বসবাস করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। সেজন্য এই উপজেলায় কর্মরত না থাকলে সেই সকল কর্মকর্তা কর্মচারীদের বাসা বরাদ্দ বাতিল করার জন্য প্রস্তাব করেন। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এই উপজেলায় কর্মরত নন। অথচ উপজেলা পরিষদের বাসায় বসবাস করছেন। এই সকল কর্মকর্তা/কর্মাচারীর অনুকূলে বাসা বরাদ্দ বাতিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং আগামী ৩০ মে/২২ খ্রি. তারিখের মধ্যে বাসা ত্যাগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার পত্র প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
১৪	**যুব উন্নয়ন বিভাগ** সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী।
১৫	**মহিলা বিষয়ক বিভাগ** সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান মার্চ/২২ মাসে মাসের ভিজিডি বিতরণ সম্পাদন করা হয়েছে। প্রতিটি ইউনিয়নে ১৫৪ জন মাতৃত্বকালীন ভাতাভোগীর ভাতা প্রদান করা হচ্ছে। মার্চ/২২ মাসে ০২ টি বাল্য বিবাহ বন্দ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১৬	**জনস্বাস্থ্য বিভাগ** সভায় উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা টিসিবি পণ্য বিতরণ কাজে নিয়জিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সর্ম্পকে আলোচনা উপস্থাপন হলো না। উপজেলা চেয়ারম্যান বলেন দুই বছর পূর্বে টিউবয়েল এর তালিকা প্রদান করা হলোও এখন পর্যন্ত টিউবয়েল স্থাপন করা হয়নি। কিছু স্থানে পাইপ স্থাপন করা হয়েছে এক বছর কিন্তু উপরের অংশ প্রদান করছেন না। এতে সংশ্লিষ্ট ভুক্তভোগী ক্ষতির সম্মুখীন হচ্ছেন। অনেক সময় ভুক্তভোগীরা টিউবয়েল এর বিপরীতের জামানতের টাকা আত্নসাত করার অভিযোগ করেন। সেজন্য ইমেজ সংকটে পড়তে হয়। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জানান টিউবয়েল স্থাপনকারী শ্রমিক তাদের ইচ্ছামত নেট পাইপ ব্যবহার করে থাকন। এতে সঠিক জায়গায় নেট পাইপ স্থাপন না	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কুমারখালী উপজেলা পরিষদের অনুকূলে বিগত অর্থ বছর ও চলতি অর্থ বছরের নলকুপ স্থাপন এবং সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে এই পর্যন্ত কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নলকুপের পানি পান করার যোগ্য কিনা তা আগামী মাসিক সভার পূর্বেই সার্বিক আগ্রগতি প্রতিবেদন দাখিল করার জন্য সর্মসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

	করায় ভুক্তভোগীরা সুপিয় পানি থেকে বঞ্চিত হচ্ছেন। কিছু নলকুপের পানি পান করার অনুপযুক্ত হওয়ায় পরিত্যাক্ত অবস্থায় আছে। নলকুপ স্থাপন করার সময় নলকুপ মেকানিক সার্বক্ষনিক উপস্থিত থাকার কথা। কিন্তু তারা অফিসেই বসে থাকেন।		
১৭	**আবাসিক প্রকৌশলী** সভায় আবাসিক প্রকৌশলী কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	আবাসিক প্রকৌশলী কুমারখালী, কুষ্টিয়া।
১৮	**পল্লী বিদ্যুৎ বিভাগ** সভায় এজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিতউ হয়।	ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী, কুষ্টিয়া।
১৯	**পল্লী উন্নয়ন বিভাগ** সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান কুমারখালী উপজেলায় ০৩ টি ইউনিয়নে অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প চালু আছে। এছাড়াও অপ্রধান শষ্য প্রকল্প খাতে ৪% লভ্যাংশে ২৫ লক্ষ টাকায় ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ ঋণ সহায়তা খাতে ৪% লভ্যাংশে সর্বোচ্চ ৫০ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান তার অফিসের কক্ষ সংকট প্রকট এক রুমের মধ্যেই সকলেই অফিসের যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হয়। সেজন্য তার অফিসের জন্য ০২ (দুই) টি কক্ষ বরাদ্দ প্রদান করার অনুরোধ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের বর্তমানে কোন কক্ষ খালি নেই। নতুন অফিস ভবন নির্মাণ করা হলে অফিস কক্ষ বরাদ্দ প্রদান করা হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২০	**সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প** সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সমন্বয়কারী কুমারখালী জানান ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট আগামী সপ্তাহে উদ্বোধন করা হবে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর জন্য সেন্ট্রাল অক্সিজেন প্লান্ট নির্মাণ কাজ শেষ পর্যায়ে আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সমন্বকারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কুমারখালী, কুষ্টিয়া।
২১	**বন বিভাগ** সভায় উপজেলা বন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা বন-বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
২২	**খাদ্য বিভাগ** সভায় উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা জানান, নিয়মিত ভাবে বাজার মনিটরিং করা হয়। গত মাসের বাজার দর ধান মোটা-২৬-২৭ টাকা, গম দেশি ২৮-২৯ টাকা, চাউল মোটা- ৪৩-৪৪ টাকা, চাউল চিকন ৬০-৬২ টাকা, আটা-২৮-৩০ টাকা, চিনি-৬৩-৬৪ টাকা, সয়াবিন তৈল ১৬০-১৬৫ টাকা। পূর্বে বাজার দর থেকে সামান্য দর বৃদ্ধি পেয়েছে। এছাড়া অন্যান্য দ্রব্যর বাজার চলতি মাসে একই পর্যায়ে রয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া
২৩	**আনসার ভিডিপি** সভায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা অনুপস্থিত	পরবর্তী মাসিক সভায় উপস্থিত	আনসার ভিডিপি

	বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	থাকার জন্য অনুরোধ করা হলো	কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
২৪	**পল্লী সঞ্চয় ব্যাংক** সভায় ব্যবস্থা ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী জানান মার্চ/২২ মাসে ৪০৫ জন উপকারভোগীর মাঝে ১৬৪.৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে ১৪০.৬৩ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে এবং গ্রহকের নিকট থেকে সঞ্চয় আদায় করা হয়েছে ৩.০৫ লক্ষ টাকা আদায় হয়েছে। আদায়ের হার সন্তোষজনক। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী, কুষ্টিয়া
২৫	**তথ্যসেবা কর্মকর্তা** সভায় তথ্যসেবা কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	তথ্যসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২৬	**আইসিটি বিভাগ** সভায় সহকারি প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী জানান ইউনিয়ন পরিষদ ওয়েব পোর্টালে নতুন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাদের ছবি ও নামের তথ্য এখন পর্যন্ত আপডেট করা হয়নি। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	ইউনিয়ন পরিষদ (সকল) কুমারখালী, কুষ্টিয়া।

বিবিধ আলোচনা

২৭। **উপজেলা পরিষদের অনুকূলে পুরাতন জীপ গাড়ি পরিত্যাক্ত/অকেজো ঘোষনা সংক্রান্ত :**

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, কুমারখালী উপজেলা পরিষদের অনুকূলে (১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপ গাড়ি বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত জীপ গাড়িটির রেজিষ্ট্রেশন নম্বর কুষ্টিয়া ক-১৯০। উপজেলা পরিষদের গাড়িটি দীর্ঘদিন যাবত অকেজো, জরাজীর্ণ, পরিত্যাক্ত ও ব্যবহার অনুপোযোগী অবস্থায় আছে। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৮/০৮/২০০৭ খ্রি. তারিখের স্মারক নং-স্থাসবি/প্রশাসন-১/সি-২/২০০৬/১৮৮৪ নং পত্রে উপজেলা পরিষদের যানবহনের ক্ষেত্রে অকেজো ঘোষনার লক্ষে মাসিক সভার অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কুমারখালী উপজেলা পরিষদের অনুকূলে (১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপ গাড়ি যাহার রেজিষ্ট্রেশন নম্বর কুষ্টিয়া ক-১৯০। জীপ গাড়িটি অকোজো/পরিত্যাক্ত ঘোষনার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে জেলা কনডেমনেশন কমিটির বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

২৮। **জম্ম সনদ/মৃত্যু সনদ প্রদান সংক্রান্ত :**

সভায় চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ জানান যে, বর্তমানে প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের অভিভাবক বৃন্দ জম্ম সনদ সংগ্রহ করার জন্য প্রতিদিন ইউনিয়ন পরিষদে আসছেন। অভিভাবকগণ এসেই বলেন বিদ্যালয়ের শিক্ষক ইউনিক আইডি খোলার লক্ষে জম্ম সনদ জমা প্রদানের জন্য দুই দিন সময় প্রদান করছেন। বর্তমান জম্ম সনদ প্রদানে যে সমস্ত নথি প্রদান করার কথা তা গ্রামের অধিকাংশ ভুক্তভোগী জানেন না। তাছাড়া ইউনিয়ন পরিষদ থেকে জম্ম সনদ সংশোধন/ডিজিটাল করার জন্য নথি উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করলেও সঠিক সময়ে প্রদান করা হয়না। ফলে চাহিত দিনে জম্ম সনদ দিতে না পারলে মন্দ কথা শুনতে হয়। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষণ করেন। চেয়ারম্যান, কয়া ইউনিয়ন পরিষদ জানান জম্ম সনদ সংশোধন আইডি প্রদান করা হয়নি। এছাড়া ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা জম্মসনদ সংশোধন করার সময় ইচ্ছাকৃত ভুল করেন। এতে জনসাধারণ ভোগান্তির স্বীকার হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের জম্ম সনদ সংশোধন আইডি প্রদান করা হয়নি। তাদের জম্ম সনদ আইডি দ্রুত প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়া ইউনিয়ন পরিষদ উদ্যোক্তাগণ জম্ম সনদ সংশোধনের সময় পুনরায় জম্মসনদে ইচ্ছাকৃত ভুল করলে উদ্যোক্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

CamScanner

২৯। **পান্টি বাজার সংলগ্ন ডাকুয়া নদীর ব্রীজ পরিত্যাক্ত ঘোষনা সংক্রান্ত :**

সভায় উপজেলা প্রকৌশলী জানান পান্টি বাজার সংলগ্ন ডাকুয়া নদীর ব্রীজটি উপজেলা পরিষদ কুমারখালী কর্তৃক ১৯৮৪ সালে নির্মাণ করা হয়। উক্ত ব্রীজটিতে ভারী যাবহন চালাচল করায় ব্রীজটি ঝুকিপূর্ণ আবস্থায় আছে। ফলে যে কোন সময় মারাত্বক দূর্ঘটনা ঘটতে পারে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ঝুকিপূর্ণ ব্রীজটির স্থানে নতুন একটি ব্রীজ নির্মাণ করার জন্য অনুমোদন করেছেন। সেজন্য ঝুকি পূর্ণ ব্রীজ পরিত্যক্ত ঘোষনা পূর্বক ব্রীজটির ভ্যালুয়েশন মূল্য বাবদ উপজেলা প্রকৌশলীর কার্যালয় থেকে ৫৮,৮৪৯/- টাকা প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পান্টি বাজার সংলগ্ন ডাকুয়া নদীর উপর নির্মিত ব্রীজটি ঝুকি পূর্ণ হওয়ায় উক্ত ব্রীজটি ভাঙ্গার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া উপজেলা প্রকৌশলী কর্তৃক ব্রীজটির ভ্যালুয়েশন মূল্য বাবদ প্রাক্কলিত ৫৮,৮৪৯/- টাকা অনুমোদন প্রদান করা হয়। এ বিষয়ে দরপত্রের মাধ্যমে সর্বোচ্চ দর নিশ্চিত করে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩০। **উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তর/বিভাগ সমূহের কমিটিসমূহ পুনর্গঠন প্রসঙ্গে ঃ-**

উপজেলা পরিষদ আইন, ২০০৯ এর ২২ নং অনুচ্ছেদের (২৯) কমিটি (১) ও (২) তে উপজেলা পরিষদের নিম্নবর্ণিত বিষয়ে একটি করে কমিটি গঠনের নির্দেশনা আছে। পরবর্তীতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার প্রজ্ঞাপনে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালার ২০১০ এর ক্রমিক নং ৪ এ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের দায়িত্ব, কর্তব্য এবং ৫ এ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের দায়িত্ব কর্তব্য সুনির্দিষ্ট করা হয়েছে। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুনির্দিষ্ট দায়িত্ব আলোকে ২৩ এপ্রিল/২০১৯ খ্রি. তারিখে উপজেলা পরিষদের ১৭ টি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির মেয়াদ দুই বৎসর ছয় মাস উত্তীর্ণ হওয়ায় নিম্নবর্ণিতভাবে উপজেলা কমিটি সমূহ সর্বসম্মত ভাবে সংশোধন করা হলো :-

উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তর/ বিভাগ সমূহের কমিটি সমূহ ঃ-

০১। **উপজেলা আইন শৃঙ্খলা কমিটি বিষয়ক কমিটি**

ক্রঃ নং	সদস্য বৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান পান্টি ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	মেয়র কুমারখালী পৌরসভা মহোদয়ের প্রতিনিধি	সদস্য
৪।	চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা/ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

০২। **উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি**

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, সদকী ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, জগন্নাথপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা প্রকৌশলী, কুমারখালী	সদস্য-সচিব

০৩। **উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি**

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, সদকী ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা কৃষি কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

CamScanner

০৪। উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান,চাঁদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান বাগুলাট ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারকালী	সদস্য-সচিব

০৫। উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান,চাঁদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী	সদস্য-সচিব

০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্য বৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৭।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৮।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

০৭। উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ , কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী	সদস্য-সচিব

০৮। উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্য বৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান বাগুলাট ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

০৯। উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, জগন্নাথপুর ইউনিয়ন পরিষদ	সদস্য

CamScanner

৩।	চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

১০। উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

১১। উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান,চাঁদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান বাগুলাট ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কুমারখালী	সদস্য
৮।	উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, কুমারখালী	সদস্য-সচিব

১২। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা সমবায় কর্মকর্তা, কুমারখালী	
৮।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

১৩। উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, জগন্নাথপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান বাগুলাট ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৫।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী	সদস্য-সচিব

১৪। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান,চাঁদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য

CamScanner

৬।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা নির্বাহী অফিসার কুমারখালী, কুষ্টিয়া	সদস্য-সচিব

১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান,নন্দলালপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, জগন্নাথপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	ফরেস্ট রেঞ্জার, জগতি এসএফএনটিসি	সদস্য-সচিব

১৬। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, সদকী ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০১ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০২ নং ওয়ার্ড	সদস্য
৭।	উপজেলা নির্বাহী অফিসার কুমারখালী, কুষ্টিয়া	সদস্য-সচিব

১৭। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

ক্রঃ নং	সদস্যবৃন্দের নাম	পদবী
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	সভাপতি
২।	চেয়ারম্যান বাগুলাট ইউনিয়ন পরিষদ	সদস্য
৩।	চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
৪।	চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ	সদস্য
৫।	সংরক্ষিত আসন ০৩ নং ওয়ার্ড	সদস্য
৬।	সংরক্ষিত আসন ০৪ নং ওয়ার্ড	সদস্য
৭।	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কুমারখালী	সদস্য-সচিব

৩১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিম্নোক্ত ব্যয়/ ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয় ঃ-

১। আপ্যায়ন ব্যয়-
২। আনুষঙ্গিক ব্যয়- ২৯,৮৯৫/-
৩। উপজেলা মার্চ/২২ মাসের ইন্টারনেট বিল বাবদ ৫,০০০/-
৪। মহান স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদযাপন ব্যয় বিল ১,৫০০/-
৫। ফেব্রুয়ারি/২২ মাসের পানির পাম্প মেশিনের বিদ্যুৎ বিল- ৯৯,১১০/-
৬। ফেব্রুয়ারি/২২ মাসের অফিস কার্যালয়ের বিদ্যুৎ বিল- ৭,৯৭৭/-
৭৯২/-

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং-৪৬.৪৬.৫০৭১.০১৪.০০.০০৩.২২-২৩

তারিখ : ১২ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। জনাব সেলিম আলতাফ জর্জ, মাননীয় সংসদ সদস্য, ৭৮কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী কুষ্টিয়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৭। উপজেলা .... অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান..ইউপি, কুমারখালী, কুষ্টিয়া।
৯। অফিস কপি।

২৫/০৪/২২
বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

১২ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৭ তম সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা

"পরিশিষ্ট- ক

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
০১।	মো: সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০২।	ডাঃ মোঃ আকুল উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৩।	মেরিনা আক্তার মিনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০৪।	ডাঃ মোঃ নুরে আলম সিদ্দিকী, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা , কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৫।	মো: রাইসুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৬।	মো: আকিব উদ্দিন, পুলিশ পরিদর্শক (তদন্ত) কুমারখালী থানা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৭।	মো: আব্দুর রহিম, উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৮।	জিয়াউর রহমান, চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৯।	এস এম রফিকুল ইসলাম, মেয়র কুমারখালী পৌরসভার পক্ষে, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১০।	মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১১।	মোঃ রেজাউল করিম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১২।	গাজী হাসান তারেক বিপ্লব, চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৩।	আব্দুল্লাহ আল বাকী, চেয়ারম্যান, জগন্নাথপুর, ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৪।	মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৫।	মোঃ সাইফুল আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	স্বাক্ষরিত
১৬।	মোঃ মাহামুদুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৭।	ফেরদৌস নাজনীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৮।	এনামূল হক মঞ্জু, চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৯।	মোঃ আজিজুল হক, চেয়ারম্যান, বাগুলাট ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২০।	মোঃ মনিরুজ্জামান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৮।	মোঃ সাইদ হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৯।	উপজেলা বন বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২০।	মোঃ মিনহাজুল আবেদীন দ্বীপ,চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২১।	মোহম্মদ আলী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২২।	মোঃ পারভীন খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৩।	মোঃ মেছের আলী খাঁ, চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৪।	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৫।	মোঃ রাশিদুজ্জামান, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৬।	মোছাঃ জান্নাতুন ফেরদৌস, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৭।	মোঃ ইশতিয়াক শাহরিয়ার, সহকারি প্রোগ্রামার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৮।	মোঃ আব্দুল হালিম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	স্বাক্ষরিত
২৯।	মোঃ সেলিম আহমেদ, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩০।	জোতি রায়, এজিএম পল্লী বিদ্যুৎ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩১।	বিপ্লব কুমার সাহা, সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩২।	মো: এরশাদ আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৩।	মোঃ আলী হোসেন, চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৪।	মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৫।	মো: বখতিয়ার উদ্দিন, ষ্টেশন অফিসার, কুমারখালী ফায়ার ষ্টেশন, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

০১।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয় কুমারখালী, কুষ্টিয়া।	
০২।	মোঃ আলামিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী	
০৩।	আব্দুর রশিদ, আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	
০৪।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ভাঃ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৫।	মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, কুষ্টিয়া।	
০৬।	তথ্য সেবা কর্মকর্তা,কুমারখালী, কুষ্টিয়া।	
০৭।	মোছাঃ ময়না খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	

CamScanner